

(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসক, বরিশাল

ও

রিটার্নিং অফিসার এর কার্যালয়

www.barisal.gov.bd

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অভিযাত্রী

গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি মোঃ খায়রুল আলম সুমন, জেলা প্রশাসক, বরিশাল ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১১ ডিসেম্বর ২০২৫/ ২৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৯ নং স্মারকের মাধ্যমে ১২১ বরিশাল-৩ (মুলাদী-বাবুগঞ্জ) নির্বাচনি এলাকার ভোটারগণকে উক্ত নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:

| | | | |
|--|---|--|-------------------|
| রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৪ পৌষ ১৪৩২ ২৯ ডিসেম্বর ২০২৫ | সোমবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৫-২০ পৌষ ১৪৩২ ৩০ ডিসেম্বর ২০২৫- ০৪ জানুয়ারি ২০২৬ | মঙ্গলবার - রবিবার |
| মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের তারিখ | : | ২১-২৫ পৌষ ১৪৩২ ০৫-০৯ জানুয়ারি ২০২৬ | সোমবার-শুক্রবার |
| আপিল নিষ্পত্তির তারিখ | : | ২৬ পৌষ-০৪ মাঘ ১৪৩২ ১০-১৮ জানুয়ারি ২০২৬ | শনিবার-রবিবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ০৬ মাঘ ১৪৩২ ২০ জানুয়ারি ২০২৬ | মঙ্গলবার |
| প্রতীক বরাদ্দের তারিখ | : | ০৭ মাঘ ১৪৩২ ২১ জানুয়ারি ২০২৬ | বুধবার |
| ভোটগ্রহণের তারিখ | : | ২৯ মাঘ ১৪৩২ ১২ ফেব্রুয়ারি ২০২৬ | বৃহস্পতিবার |

আগামী ২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ, বৃহস্পতিবার, সকাল ৭:৩০ ঘটিকা হতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

০২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ১২১ বরিশাল-৩ (মুলাদী-বাবুগঞ্জ) নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ২৯ ডিসেম্বর ২০২৫/ ১৪ পৌষ ১৪৩২ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৫ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসক, বরিশাল) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসার, মুলাদী, বরিশাল এবং উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল) মনোনয়নপত্র গৃহীত হবে।

তারিখঃ ১ ১ দিন ১ ২ মাস ২ ০ ২ ৫ বৎসর

(মোঃ খায়রুল-আলম সুমন)
জেলা প্রশাসক, বরিশাল

ও


রিটার্নিং অফিসার
১২১ বরিশাল-৩ (মুলাদী-বাবুগঞ্জ)
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন

ফোন: ০২৪৭৮৮৬৪২৫৯

ই-মেইল: dcbarishal@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ০১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ০৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
- ০৪। উপ-মহাপুলিশ পরিদর্শক, বরিশাল রেঞ্জ, বরিশাল
- ০৫। পুলিশ কমিশনার, বরিশাল মেট্রোপলিটন পুলিশ, বরিশাল
- ০৬। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
- ০৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল, বরিশাল
- ০৮। পুলিশ সুপার, বরিশাল
- ০৯। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বরিশাল
- ১০। অধিনায়ক, র‍্যাংক-৮, বরিশাল
- ১১। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, মুলাদী/বাবুগঞ্জ, বরিশাল (তৌকে গণ-বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডসহ গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোর অনুরোধসহ)
- ১২। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, বরিশাল
- ১৩। পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, বরিশাল। (তৌকে গণ-বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় বহল প্রচারের অনুরোধসহ)
- ১৪। উপজেলা নির্বাচন অফিসার, মুলাদী/বাবুগঞ্জ, বরিশাল (তৌকে গণ-বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডসহ গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোর অনুরোধসহ)
- ১৫। অফিসার ইন-চার্জ, মুলাদী/বাবুগঞ্জ থানা, বরিশাল
- ১৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মুলাদী/বাবুগঞ্জ, বরিশাল
- ১৭। সভাপতি/সম্পাদক, বরিশাল প্রেসক্লাব/মেট্রোপলিটন প্রেসক্লাব/রিপোর্টার্স ইউনিটি/বরিশাল জেলা সাংবাদিক ইউনিয়ন/বরিশাল ইলেক্ট্রনিক মিডিয়া জার্নালিস্ট এসোসিয়েশন/বরিশাল টেলিভিশন মিডিয়া এসোসিয়েশন, বরিশাল
- ১৮। নোটিশ বোর্ড কার্যালয়, বরিশাল
- ১৯। অফিস নথি


(মোঃ খায়রুল-আলম সুমন)
জেলা প্রশাসক, বরিশাল

ও
রিটার্নিং অফিসার

১২১ বরিশাল-৩ (মুলাদী-বাবুগঞ্জ)
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন